

ফুলবাড়ীর ১৩ হাজার ৮শ শিক্ষার্থী পায়নি শতভাগ বই

৬ ফেব্রুয়ারি ২০২৩ ১২:০০

এক্সম

আপডেট: ৫ ফেব্রুয়ারি

২০২৩ ১১:০১ পিএম

1
Shares

বঙ্গবন্ধু মন্ত্রণালয়
আমাদের ময়

advertisement

প্রাথমিক শিক্ষার্থীদের শিক্ষাজীবন থেকে বছরের এক মাস অতিবাহিত হলেও ফুলবাড়ী উপজেলার প্রাথমিকের তিন শ্রেণির ১৩ হাজার ৮শ শিশু শিক্ষার্থী অর্ধেক (৪১৪০০) বই পায়নি। ফলে এসব শিশু শিক্ষার্থীর লেখাপড়া বিস্থিত হচ্ছে। এবার বই উৎসবে উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে শতভাগ বই তুলে দিতে পারেনি কর্তৃপক্ষ। অভিভাবকরা বলছেন, সময়মতো সব পাঠ্যবই না পাওয়ায় শিক্ষার্থীদের লেখাপড়া পিছিয়ে পড়ছে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, উপজেলায় প্রাথমিক বিদ্যালয় রয়েছে ১৫৯টি। এরমধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় ১০৯টি, শিশু কল্যাণ বিদ্যালয় ১টি এবং কেজি বা কিন্ডারগার্টেন স্কুল ৪৯টি। এসব বিদ্যালয়ের প্রাক-শিশু, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা ২৯ হাজার ৯৫০। এই ১৩ হাজার ৮শ শিক্ষার্থী ছয়টি পাঠ্য বয়ের মধ্যে তিনটি পেয়েছে, বাকি গুরুত্বপূর্ণ বাংলা, গণিত ও বিজ্ঞান বই পায়নি। এ ব্যাপারে গতকাল উপজেলা শিক্ষা কর্মকর্তা মোছান্মেৎ হাসিনা ভুঁইয়া জানান, রবিবার (৫ ফেব্রুয়ারি) বা সোমবার বাকি বইগুলো পেয়ে যাব। বই পেলেই শিক্ষকদের মাধ্যমে শিক্ষার্থীদের হাতে ওইসব বই তুলে দেওয়া হবে। ষফুলবাড়ী (দিনাজপুর) প্রতিনিধি

1
Shares

